গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-৭২৯ তারিখঃ২২/০৯/২০২০ খ্রিঃ

## অফিস আদেশ

বিষয়ঃ "পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরী বিনির্দেশসহ দরপত্র দলিল Review কমিটি" পুনর্গঠন এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে Terms of Reference (ToR) সহ RFP Review কমিটি এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশসহ দরপত্র দলিল Review কমিটি পুনঃগঠন প্রসঙ্গে।

১। **পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরী বিনির্দেশসহ দরপত্র দলিল Review কমিটিঃ**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় রাজস্ব ও উন্নয়ন বাজেটের অধীনে জাতীয় ও আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে পণ্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে ক্রয়কার্য সম-আচরণ, অবাধ প্রতিযোগিতা ও স্বচ্ছতা আনয়নসহ সকল ক্ষেত্রে পণ্য ও গুণগতমান নিশ্চিতকল্পে সর্বত্র পণ্যের একইরূপ বিনির্দেশ বজায় রাখার স্বার্থে পণ্য, ইত্যাদির কারিগরী বিনির্দেশসহ দরপত্র দলিল Reviewএর জন্য ইতোপূর্বে জারীকৃত আদেশ বাতিলক্রমে অত্র অধিদপ্তরের নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে কমিটি পুনর্গঠন করা হলো।

| দাপ্তরিক পর্যায় | কারিগরী বিনির্দেশ যাচাই ও পরীক্ষা কমিটি | আর্থিক সীমা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| সদর দপ্তর | ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আইসিটি ও প্রকিউরমেন্ট), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (চেয়ারপারসন)।<br>২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ব্রীজ ডিজাইন), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৩। প্রকল্প পরিচালক (জনাব জাবেদ করিম), এমডিএসপি, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৪। জনাব মোঃ আমিরুল ইসলাম খান, নির্বাহী প্রকৌশলী , (প্রশাসন), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৫। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক-২), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৬। জনাব মোঃ জাকির হোসেন, সিনিয়র সহকারী প্রকৌশলী, আইসিটি ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৭। প্রকল্প পরিচালক/ক্রয়কারী, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প/ইউনিট। (সদস্য সচিব)। | ১০ লক্ষ টাকা বা তদুর্ধ্ব মূল্যমানের প্রাক্কলনের প্রতিটি ক্রয়ের ক্ষেত্রে |
| | কমিটির কার্যপরিধিঃ<br>১। ক্রয়কারী কর্তৃক প্রস্তুতকৃত পণ্য, ইত্যাদির কারিগরি বিনির্দেশ উক্ত কমিটি পরীক্ষা, যাচাই, পূনরীক্ষন ও অনুমোদনের জন্য সুপারিশ প্রণয়ন করবেন।<br>২। উক্ত কমিটি খসড়া দরপত্র দলিল (জাতীয় ও আন্তর্জাতিক) পরীক্ষা পূর্বক অনুমোদনের জন্য সুপারিশ করবেন।<br>৩। কমিটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-২৯ অনুসরণে প্রস্তুতকৃত বিনির্দেশ পরীক্ষা ও যাচাই করবেন এবং গোপনীয়তা রক্ষা করবেন। | |

২। **বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে Terms of Reference (ToR) সহ RFP Review কমিটি এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশসহ দরপত্র দলিল Review কমিটিঃ**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় রাজস্ব ও উন্নয়ন বাজেটের অধীনে জাতীয় ও আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবার গুনগতমান নিশ্চিতকল্পে সম-আচরণ, অবাধ প্রতিযোগিতা ও স্বচ্ছতা আনয়নসহ সকলক্ষেত্রে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা এবং কার্য ও ভৌত সেবার গুনগতমান নিশ্চিতকল্পে সর্বত্র একইরূপ মান বজায় রাখার স্বার্থে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে Terms of Reference (ToR) সহ RFP Review কমিটি এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশসহ দরপত্র দলিল Review/পরীক্ষার জন্য ইতেপূর্বে জারীকৃত আদেশ বাতিলক্রমে অত্র অধিদপ্তরের নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি পুনঃগঠন করা হলোঃ

| দাপ্তরিক পর্যায় | কারিগরী বিনির্দেশ যাচাই ও পরীক্ষা কমিটি | আর্থিক সীমা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| সদর দপ্তর | ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (পরিকল্পনা ও ডিজাইন), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (চেয়ারপারসন)।<br>২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকিউরমেন্ট, এলজিইডি (সদস্য)।<br>৩। জনাব মোঃ জসীম উদ্দীন, প্রকল্প পরিচালক, বাংলাদেশ কৃষি অবকাঠামো উন্নয়ন কর্মসূচী, এলজিইডি (সদস্য)।<br>৪। নির্বাহী প্রকৌশলী, প্রকিউরমেন্ট ইউনিট, এলজিইডি (সদস্য)।<br>৫। জনাব মোঃ হামিদুল হক, প্রকল্প পরিচালক, সিআরডিপি-২, এলজিইডি (সদস্য)।<br>৬। জনাবা সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, প্রকিউরমেন্ট ইউনিট, এলজিইডি (সদস্য)।<br>৭। প্রকল্প পরিচালক/ক্রয়কারী, সংশ্লিষ্ট প্রকল্প/ইউনিট, এলজিইডি (সদস্য-সচিব)। | (১) ২.০০ কোটি টাকা উর্ধ্বের মূল্যমানের বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয় এবং<br>(২) ১০.০০ কোটি টাকা উর্ধ্বের মূল্যমানের কার্য ও ভৌত সেবা ক্রয় |
| | কমিটির কার্যপরিধিঃ<br>১। কমিটি ক্রয়কারী কর্তৃক প্রস্তুতকৃত ToR সমেত RFP পর্যালোচনা করবেন;<br>২। কমিটি কার্য ও ভৌত সেবা ক্রয়ের জন্য ক্রয়কারী কর্তৃক প্রস্তুতকৃত কারিগরি বিনির্দেশসহ দরপত্র দলিল পর্যালোচনা করবেন;<br>৩। উভয় ক্ষেত্রেই কমিটি নিম্নস্বাক্ষরকারীর বরাবর সুপারিশ প্রদান করবেন; | |

এই আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে।

22/07/2020

(মোঃ আব্দুর রশীদ খান)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ০২-৫৮১৫২৮০২
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২১.০৬.০০২.০৮-৭২৯/২(৩) তারিখঃ ২২/০৭ /২০২০ খ্রিঃ

অনুলিপিঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। [তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি)-কে অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।]

৩। প্রকল্প পরিচালক (সকল)............................................................ এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

২২.০৭.২০

(মোঃ আবদুস সাত্তার)
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
ফোনঃ ০২-৫৫০০৬৭৭৫
মোবাইলঃ ০১৭০৮-১২৩১৩২
ই-মেইলঃ xen.procurement@lged.gov.bd